গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ঠাকুরগাঁও
(সংস্থাপন শাখা)
www.thakurgaon.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৯৪০০.০০৬.০৬.০০১.২৫- 292

তারিখ : ৩০ বৈশাখ ১৪৩২ / ১৩ মে ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৫.১৫-১৩৮ নং এবং ১৫/০৪/২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৪৫.১৫.৪৪ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা মতে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত ২০২৪) এর আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর সাধারণ প্রশাসনের অধীন অফিসসমূহ ও সার্কিট হাউসের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ঠাকুরগাঁও জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে http://dctgn.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৬ (ছয়) | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ। |
| ০২ | লাইব্রেরি সহকারী | ০১ (এক) | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ। |
| ০৩ | অফিস সহায়ক | ০৯ (নয়) | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | নিরাপত্তা প্রহরী | ১২ (বারো) | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৫ | মালি | ০২ (দুই) | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | পরিচ্ছন্নতা কর্মী | ১১ (এগারো) | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭ | বেয়ারার | ০১ (এক) | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮ | সহকারী বাবুর্চি | ০১ (এক) | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। |

## শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঠাকুরগাঁও জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২। একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না।
০৩। ০১ ও ০২ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার টাইপের নির্ধারিত গতি থাকতে হবে।
০৪। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য ঠাকুরগাঁও জেলার ওয়েবসাইট (www.thakurgaon.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও ও ঠাকুরগাঁও জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৬। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dctgn.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করবেন। **অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ২১/০৫/২০২৫ সকাল ১০:০০টা হতে এবং শেষ হবে ১৯/০৬/২০২৫ তারিখ বিকাল ০৫:০০টা পর্যন্ত।** উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীগণ নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Uploadকরবেন।

(গ) Online আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই আবেদন ফরমে তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Uploadকরে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ০১ ও ০২ নম্বর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা, ০৩ হতে ০৮ নম্বর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং সকল পদে অনগ্রসর (শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী) নাগরিকদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা আবেদন Submit করার পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS :** DCTGN<space> User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCTGN ABCDEF & send to 16222
**দ্বিতীয় SMS** : DCTGN<space> Yes <space> PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCTGN Yes 12345678 & send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dctgn.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
User ID জানা থাকলে DCTGN<space>Help<space>User ID লিখে send করতে হবে 16222
Example: DCTGNHelp User ABCDEF & send to 16222
PIN Number জানা থাকলে DCTGN<space>Help<space> PINNo লিখে send করতে হবে 16222
Example: DCTGNHelp PIN1234567 & send to 16222

(ঝ) Online এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর subject-এ Organization Name: DCTGN, Post Name**********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে]

০৭। **প্রার্থীর বয়সসীমা ২১/০৫/২০২৫ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।**

০৮। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে:

(ক) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণক স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্র।

মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। বর্ণিত সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) ০১ ও ০২ নং পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।

১০। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারীকে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১১। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

১২। **কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণ করা হবে।**

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

১৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ এজন্য দায়ী থাকবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩/৫/২৫

ইশরাত ফারজানা
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বাছাই কমিটি, ঠাকুরগাঁও
ফোনঃ ০২৫৮৯-৯৩১০১১
dcthakurgaon@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪০০.০০৬.০৬.০০১.২৫- ২৯২

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩২ / ১৩ মে ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ............................................(সকল)।
০৪। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
০৫। সিভিল সার্জন, ঠাকুরগাঁও।
০৬। প্রশাসক, জেলা পরিষদ, ঠাকুরগাঁও।
০৭। প্রশাসক, ঠাকুরগাঁও পৌরসভা, ঠাকুরগাঁও।
০৮। প্রশাসক, উপজেলা পরিষদ, ........................., ঠাকুরগাঁও।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও। (এক কপি নোটিশ বোর্ডে দেয়ার জন্য অনুরোধসহ)।
১০। সহকারী কমিশনার (ভূমি), ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও। (এক কপি নোটিশ বোর্ডে দেয়ার জন্য অনুরোধসহ)।
১১। সহকারী কমিশনার,..............................................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
১২। জেলা তথ্য অফিসার, ঠাকুরগাঁও। (তাকে বহুল প্রচারের নিমিত্ত অনুরোধ করা হলো)।
১৩। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও। (তাকে বিজ্ঞপ্তিটি ঠাকুরগাঁও জেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৪। সম্পাদক, ..........................................................বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ১৮/০৫/২০২৫ তারিখের মধ্যে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক) দিনের জন্য প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি পত্রিকা এ কার্যালয়ের সংস্থাপন শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫। নোটিশ বোর্ড/অফিস কপি।

১৩/৫/২৫

জেলা প্রশাসক
ঠাকুরগাঁও